# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৩৯

১০. কিতাবুল জানাইয বা জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ (১২) জানাযা দেখে দাঁড়ানো প্রসঙ্গে বর্ণনা

## 12 ـ فَصْلٌ فِي الْقِيَامِ لِلْجَنَازَةِ

আরবী

3039 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا الْوَلِيدُ قَالَ: حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ قَالَ: حَدَّثَنِي يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ مِقْسَمٍ قَالَ: حَدَّثَنِي جَابِرُ بْنُ عَبْدِ اللَّهِ قَالَ: كُنَّا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ مَرَّتْ بِنَا جنازة فَقَامَ لَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا ذَهَبْنَا لِنَحْمِلَ إِذَا هِيَ جَنَازَةُ يَهُودِيٍّ قَالَ: (إِنَّ لِلْمَوْتِ فَزَعًا فَإِذَا رأيتم جنازةً فقوموا)

الراوي : جَابِرِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3039 | خلاصة حكم المحدث: صحيح ـ ((ابن ماجه)) (1543): م.

বাংলা

৩০৩৯. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে ছিলাম, এমন সময় আমাদের পাশ দিয়ে একটি জানাযা অতিক্রম করলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে যান। অতঃপর যখন আমরা তা বহন করার জন্য যাই, তখন আমরা দেখতে পাই যে, সেটা একজন ইয়াহুদীর জানাযা। সেসময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “নিশ্চয়ই মৃত্যুর বিষয়টি ভয়াবহ। কাজেই যখন তোমরা জানাযা দেখতে পাবে, তখন তোমরা দাঁড়িয়ে যাবে।”[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ৩১৭৪; মুসনাদ আহমাদ: ৩/৩৫৪; সহীহুল বুখারী: ১৩১১; সহীহ মুসলিম: ৯৪০; নাসাঈ: ৪/৪৫; সুনান বাইহাকী: ৪/২৬; তাহাবী: ১/৪৮৬; ইবনু মাজাহ: ১৫৪৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ১৫৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92369

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন